

10

26

**ডাকসু নির্বাচনঃ প্রার্থী  
মনোনয়নে  
জটিলতা**  
(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
ডাকসু নির্বাচনে কোন ছাত্র-  
সংগঠনের পক্ষেই এখনও প্রার্থী  
মনোনয়ন সম্ভব হয় নাই। একক  
প্যানেলে প্রার্থী মনোনয়নের জন্য  
ছাত্র সংগ্রাম পরিষদ গত ৫  
(১১ম পৃঃ স্রঃ)

**ডাকসু নির্বাচন**  
(১ম পৃঃ পর)  
দিন ধরিয়া বৈঠক অব্যাহত রাপি-  
য়াছে। গতকাল ৫ম দিনে ছাত্র  
ইউনিয়নের কেন্দ্রীয় কার্যালয়ে  
পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়।  
একটি সূত্রের মতে, গত ৫ দিন  
ধরিয়া একক প্যানেলের ব্যাপারটি  
গুরুত্ব পাইলেও কিভাবে কোন  
প্রক্রিয়ায় প্রার্থী মনোনয়ন দেওয়া  
যাইতে পারে এই বিষয়টা পূর্বের  
মত জটিল অবস্থায় রহিয়াছে।  
প্রস্তাব উঠিয়াছে, যে সংগঠন ভিপি ও  
জি,এস পদে মনোনয়ন পাইবে সেই  
সংগঠনকে আর কোন পদের  
জন্য মনোনয়ন দেওয়া হইবে না।  
সম্ভাব্য ভি,পি ও জি,এস পদ প্রাপ্ত  
দুইটি সংগঠন এই প্রভাবে আপত্তি  
তুলিয়া বাড়তি ৩/৪টি পদ দাবী করায়

সমস্যা দেখা দিয়াছে। পরিষদভুক্ত  
একটি ছাত্র সংগঠনের সম্ভাব্য একক  
প্যানেলের ব্যাপারে শেষানধি চেষ্টা  
করা হইবে। অপর একটি ছাত্র  
সংগঠনের সম্ভাব্য শুধু একক  
প্যানেলের কথা বলিয়া একা  
টিকিয়া রাখা সম্ভব নয়। একেবারে  
জন্য আন্তরিক হইতে হইবে। একক  
প্যানেলের বিষয়টি চূড়ান্ত না হই-  
লেও পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী  
নির্বাচনী প্রচারণা ও মিছিল পরি-  
ষদগতভাবে করা হইতেছে।  
ছাত্রদলও অদ্যাবধি প্রার্থী  
মনোনয়নের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত  
নিতে পারে নাই। জানা যায়, ছাত্র  
সংগ্রাম পরিষদের চূড়ান্ত সিদ্ধান্তের  
পর ছাত্র দল নিজেদের প্রার্থী  
মনোনয়ন চূড়ান্ত করিবে। প্রার্থী  
মনোনয়ন না হইলেও ক্যাম্পাসে  
এখন নির্বাচনী তৎপরতা উষ্ণ।